দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতির উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান

২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ৯টায় ডিসি সাহিত্য মঞ্চে এ সভার আয়োজন করেন জেলা প্রশাসন। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন। সভায় মহান স্বাধীনতা দিবস ও ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের ওপর আলোকপাত করে আলোচনা সভা করা হয়।

এসময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মাসুদ পারভেজ রাসেল। তিনি বলেন, ‘২৫ মার্চ গণহত্যা দিবসের এ দিনে যে সকল বাঙালি প্রাণ দিয়েছে তাদের শ্রদ্ধার সাথে স্মরণ করছি। ২৫ মার্চের কালরাতে পাকিস্তানি হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালির ওপর নৃশংস হত্যাযজ্ঞ চালায়, যা ইতিহাসে এক বর্বরতম গণহত্যা হিসেবে চিহ্নিত। এই দিনটি জাতির জন্য শোকাবহ হলেও একই সঙ্গে আমাদের স্বাধীনতার চেতনা ও সংগ্রামের প্রেরণা জাগিয়ে তোলে।’

তিনি আরও বলেন, ‘নতুন প্রজন্মকে সঠিক ইতিহাস জানাতে হবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়তে সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। তিনি শহীদদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতির উন্নয়নে ভূমিকা রাখার আহ্বান জানান।’

এসময় সভায় আরও বক্তব্য রাখেন, জেলা পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খান, সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ, সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, বীর মুক্তিযোদ্ধা আবেছ উদ্দীন, প্রমুখ।

সভায় উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নয়ন কুমার রাজবংশী, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বি.এম.তারেক উজ জামান, অতিরিক্ত জেলা পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস্) জামাল আল নাসের, অতিরিক্ত জেলা পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মিনহাজ-উল ইসলাম, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জেসমিন আরা, তথ্য অফিসার শিল্পী মন্ডল, প্রমুখ। এছাড়া উপস্থিত ছিলেন জেলার সকল বিদ্যালয়ের শিক্ষার্থী ও বিভিন্ন রাজনৈতিকবৃন্দরা।

গণহত্যা দিবস ও স্বাধীনতা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচি

২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করা হয়েছে।

বুধবার(২৫ মার্চ) সকাল সাড়ে ৯টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান শুরু করা হয়। এ কর্মসূচি আয়োজন করেন জেলা প্রশাসন ও পৌরসভা।

চুয়াডাঙ্গা পৌর শহরের বিভিন্ন স্থানে ১২ টি টিম ভাগ হয়ে এ পরিস্কার পরিচ্ছন্নতা শুরু হয়।

এসময় পরিচ্ছন্নতা কর্মসূচিতে অংশ নেন প্রশাসন ও বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা, রাজনৈতিকবৃন্দ ও জেলার গণমাধ্যম কর্মী এবং বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষার্থীরা, বিভিন্ন সামাজিক সংগঠনের সেচ্ছাসেবকরা। পরিস্কার পরিচ্ছন্নতা কর্মসুচি শহরের প্রধান সড়ক, অলিগলি এবং মহাসড়কের পাশে জমে থাকা আবর্জনা অপসারণের মাধ্যমে একটি পরিচ্ছন্ন শহর গড়ার লক্ষ্য নেওয়া হয়।

এসময় পরিস্কার পরিচ্ছন্নতা অভিযানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য মাসুদ পারভেজ রাসেল, জেলা প্রশাসক মোহাম্মদ কামাল হোসেন, জেলা পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খান, সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নয়ন কুমার রাজবংশী, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট বি.এম.তারেক-উজ-জামান, অতিরিক্ত জেলা পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস্) জামাল আল নাসের, অতিরিক্ত জেলা পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মিনহাজ-উল ইসলাম, সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ, প্রমুখ।

আলমডাঙ্গায় নানা আয়োজনে জাতীয় গনহত্যা দিবস উৎযাপন

আলমডাঙ্গায় জাতীয় গণহত্যা দিবস উপলক্ষে মঙ্গলবার সকালে বদ্ধভূমিতে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত শহীদদের স্মরনে পুষ্পস্তবক অর্পণ ও শহীদদের স্মরনে এক মিনিট নিরবতা পালন করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার,উপজেলা শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা সহকারি শিক্ষা অফিসার সাজাহান আলী, বীর মুক্তিযোদ্ধা নবাব আলী,উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ,পল্লী উন্নয়ন ব্যাংকের ম্যানেজার আনোয়ার হোসেন, উপজেলা আইসিটি কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, সমাজ সেবা অফিসার সাজ্জাদ হোসেন, বীর মুক্তিযোদ্ধা, খবির উদ্দিন,বীর মুক্তিযুদ্ধা আনছার আলী সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ।

আলমডাঙ্গায় উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পান্না আক্তারের নেতৃত্বে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে উপজেলা হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার পান্না আক্তার। এসময় কর্মকর্তা, বীর মুক্তিযুদ্ধা, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

বুধবার মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত স্থানীয় বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে এ শ্রদ্ধা জানানোর পরে উপজেলা হলরুমে ১৯৭১ সালের ২৫ মার্চের কালরাতে নিহত শহীদদের স্মরণে নীরবতা পালন করা হয়।

এ সময় ইউএনও পান্না আক্তার বলেন, ২৫ মার্চের গণহত্যা বাঙালির স্বাধীনতা সংগ্রামের এক মর্মন্তুদ অধ্যায়। এই ইতিহাস নতুন প্রজন্মের কাছে তুলে ধরা এবং মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, ১৯৭১ সালের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনী

‘অপারেশন সার্চলাইট’-এর নামে নিরস্ত্র বাঙালির ওপর ভয়াবহ গণহত্যা চালায়, যা বাংলাদেশের ইতিহাসে এক বিভীষিকাময় অধ্যায় হিসেবে চিহ্নিত।

দামুড়হুদায় জয়রামপুরে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে কিশোর নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার জয়রামপুর নতুনপাড়ায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নাঈম (১৪) নামে এক কিশোর নিহত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যা আনুমানিক ৭টার দিকে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত নাঈম উক্ত গ্রামের সাজিরুলের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, নাঈম তরমুজ কেনার উদ্দেশ্যে কাঠালতলা বাসস্ট্যান্ডের দিকে যাচ্ছিল। এ সময় বিপরীত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সঙ্গে তার মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়।

দুর্ঘটনার পর স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দুর্ঘটনায় জড়িত অপর মোটরসাইকেলের আরোহীর পরিচয় এখনো নিশ্চিত হওয়া যায়নি। স্থানীয়দের অভিযোগ, সংঘর্ষের পর ওই মোটরসাইকেলটি দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুলিশ ঘটনার বিষয়ে প্রয়োজনীয় তদন্ত কার্যক্রম শুরু করেছে বলে জানা গেছে।

দামুড়হুদায় বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দামুড়হুদায় বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল সাড়ে ১০টার সময় “দেশের নেতৃত্বে, জনগণের শক্তিতে, আমরাই পারব যক্ষ্মা নির্মূল করতে” এই স্লোগানকে সামনে রেখে স্বাস্থ্য অধিদপ্তর ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচির আওতায় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে এই র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন অনুষ্ঠানের সভাপতি উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা ডা. মোঃ মশিউর রহমান।

উপস্থিত থেকে যক্ষ্মা রোগের বিস্তার ও নিয়ন্ত্রণ নিয়ে বিস্তারিত আলোচনা করেন আবাসিক মেডিকেল অফিসার ডা. ফাহমিদা আক্তার রুনা এবং অনুষ্ঠানের সভাপতি ডা. মোঃ মশিউর রহমান।

এমটিইপিআই ফারুক হোসেনের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেডিকেল অফিসার ডা. মহিব্বুল্লাহ, ডা. আলমগীর হোসেনসহ অন্যান্য মেডিকেল অফিসার, স্বাস্থ্য পরিদর্শক, স্যানিটারি ইন্সপেক্টর, সিনিয়র স্টাফ নার্স ও ইউনিয়ন স্বাস্থ্য সহকর্মীবৃন্দ।

আলমডাঙ্গা হাটবোয়ালিয়ায় জামায়াতের ঈদ পুনর্মিলনী ও গণসংবর্ধনা

বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা শাখার আয়োজনে হাটবোয়ালিয়ায় ঈদ পুনর্মিলনী ও গণসংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া ফুটবল মাঠে বাংলাদেশ জামায়াতে ইসলামীর জি.এ থানা শাখার উদ্যোগে ঈদ-পরবর্তী পুনর্মিলনী ও গণসংবর্ধনা অনুষ্ঠিত হয়। মঙ্গলবার বিকেল ৫টায় আয়োজিত এ অনুষ্ঠানে স্থানীয় নেতাকর্মীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। উৎসবমুখর পরিবেশে আয়োজিত এ অনুষ্ঠানে উপস্থিতদের মাঝে আনন্দ, সম্প্রীতি ও সৌহার্দ্যের এক অনন্য আবহ বিরাজ করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য মোঃ রুহুল আমিন। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-০১ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল। সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী জি.এ সাংগঠনিক থানার আমির মোঃ আব্বাস উদ্দিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন চুয়াডাঙ্গা জেলা সভাপতি কাইয়ুম উদ্দিন হিরোক, আলমডাঙ্গা উপজেলা জামায়াতের আমির প্রভাষক শফিউল আলম বকুল এবং চুয়াডাঙ্গা পৌর জামায়াতের আমির অ্যাডভোকেট হাসিবুল ইসলাম ইবরাহিম। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা জামায়াতের শুরা সদস্য মাওলানা লোকমান হোসাইন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা কর্মপরিষদ সদস্য ও জেলা যুব বিভাগের সভাপতি নুর মোহাম্মদ হুসাইন এবং জেলা কর্মপরিষদ সদস্য ও জেলা জামায়াতের আইন-আদালত বিষয়ক সম্পাদক, আসন্ন উপজেলা নির্বাচনে জামায়াত মনোনীত চেয়ারম্যান প্রার্থী দারুসসালাম।

এছাড়াও উপস্থিত ছিলেন জি.এ সাংগঠনিক থানা শাখার নায়েবে আমির সেলিম রেজা ও মাওলানা মনিরুদ্দিন, থানা কর্মপরিষদ সদস্য মাওলানা জহুরুল ইসলাম, মাওলানা মিজানুর রহমান, মো. শাহজাহান আলী ও মো. আ. রশিদ প্রমুখ।

প্রধান বক্তা অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল তাঁর বক্তব্যে বলেন, ঈদের প্রকৃত শিক্ষা হলো ভ্রাতৃত্ববোধ, সহমর্মিতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। তিনি আরও বলেন, সমাজে শান্তি ও কল্যাণ নিশ্চিত করতে হলে ইসলামী মূল্যবোধের চর্চা বাড়াতে হবে এবং অন্যায়-অবিচারের বিরুদ্ধে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

বক্তারা তাঁদের বক্তব্যে ঈদের শিক্ষা ও তাৎপর্য তুলে ধরে সমাজে সম্প্রীতি, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার আহ্বান

জানান।

একইসঙ্গে সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল করতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জি.এ থানা সাংগঠনিক জামায়াতের সেক্রেটারি কামরুল হাসান সোহেল। দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

চুয়াডাঙ্গায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে যুবক নিহত

চুয়াডাঙ্গায় ঈদের দিন ঘুরতে বের হয়ে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লেগে সুরুজ (১৮) নামের এক যুবক নিহত হয়েছে। আহত হয়েছেন আরো এক মোটরসাইকেল আরোহী।
আজ শনিবার (২১ মার্চ) ঈদের দিন দুপুর ১২টার দিকে চুয়াডাঙ্গা- আলমডাঙ্গা সড়কের চুয়াডাঙ্গা ফাস্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সুরুজের বাড়ি চুয়াডাঙ্গা পৌর এলাকার ইসলামপাড়ায় বাসিন্দা ও স্বপনের ছেলে। আহত হৃদয় পৌর এলাকার শ্বশানপাড়ার বাসিন্দা।

পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে, ঈদের দিন ঘুরতে বের হয়েছিলেন দুই যুবক। তারা মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়ক দিয়ে যাওয়ার সময় ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটির নিকটবর্তী এলাকায় পৌঁছালে দ্রুতগতির মোটরসাইকেলটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে একটি গাছের সঙ্গে সজোরে ধাক্কা লাগে। এতে ঘটনাস্থলেই তারা গুরুতর আহত হন। পরে স্থানীয়রা দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক সুরুজকে মৃত ঘোষণা করেন।

সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদ মাহমুদ রবিন বলেন, হাসপাতালে নিয়ে আসার আগেই সুরুজ মারা গেছেন।

আহত একজনকে চিকিৎসা দেয়া হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের পরিদর্শক (ওসি) মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করে বলেন, সড়ক দূর্ঘটনায় একজন মারা গেছে।

মেহেরপুর প্রতিদিনের আলমডাঙ্গা প্রতিনিধি আতিক বিশ্বাসের মায়ের ইন্তেকাল

মেহেরপুর প্রতিদিন পত্রিকার আলমডাঙ্গা প্রতিনিধি আতিক বিশ্বাসের মা ইন্তেকাল করেছেন।
আজ শুক্রবার ২০ শে মার্চ ভোর ৫ টার সময় ইন্তেকাল করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৯ বছর।
সাংবাদিক আতিক বিশ্বাস এর মায়ের মৃত্যুতে বিভিন্ন স্তরের মানুষ শোক প্রকাশ করেছেন। আলমডাঙ্গা থেকে শুরু করে চুয়াডাঙ্গার বিভিন্ন উপজেলা,কুষ্টিয়ার বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শোক প্রকাশ করেছেন।
আলমডাঙ্গার সিনিয়র সাংবাদিক হামিদুল ইসলাম আজম,খন্দকার শাহ আলম মন্টু, রহমান মুকুল, প্রশান্ত বিশ্বাস, ফিরোজ ইফতেখার, তানভীর সোহেল, আনোয়ার হোসেন, গোলাম সরওয়ার সদু, রানা এফেন্দি, বিপ্লব হোসেন প্রমুখ।
এছাড়াও শোক প্রকাশ করেছেন আলমডাঙ্গা বি আর এম পি সভাপতি জিনারুল ইসলাম, কোষাধ্যক্ষ আবু জাফর, পৌর সভাপতি সিরাজুল ইসলাম, বংশীবাদক মনোয়ার হোসেন খোকন, ড.ইকরামুল হক চৌধুরী, আশরাফুল হক, সাব্বির আহম্মেদ সোহাগ, মানিক ইসলাম, মাহাফুজ আহম্মেদ, রাশেদ রানা বিপন প্রমুখ।

আলমডাঙ্গায় ঝড়ের তাণ্ডবে ঘরের ওপর গাছ পড়ে বৃদ্ধের মৃত্যু

আলমডাঙ্গায় ঘূর্ণিঝড়ের তাণ্ডবে ঘরের চালে গাছ ভেঙে পড়ে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে।

বুধবার (১৮ মার্চ) রাত ৯টার দিকে প্রবল ঘূর্ণিঝড়ে এ ঘটনা ঘটে। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার হারদী ইউনিয়নের উদয়পুর গ্রামে।

জানা গেছে, হারদী ইউনিয়নের কাটাভাঙা উদয়পুর গ্রামের পশ্চিমপাড়ার বাসিন্দা আব্দুর রহমানের ছেলে আকমান হোসেন (৬২) ঘূর্ণিঝড়ের শিকার হয়ে নিহত হন। এ ঘটনায় তার স্ত্রী লতিফুন্নেছা গুরুতর আহত হয়েছেন।

এলাকাবাসী সূত্রে জানা যায়, আকমান হোসেন ও তার স্ত্রী একই ঘরে অবস্থান করছিলেন এবং খাবার খাচ্ছিলেন। হঠাৎ ঝড়ে একটি গাছ ভেঙে তাদের ঘরের ওপর পড়ে। ঘরটি ভেঙে গাছটি তাদের ওপর পড়ে গেলে ঘটনাস্থলেই আকমান হোসেনের মৃত্যু হয়।

গুরুতর আহত অবস্থায় লতিফুন্নেছাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চুয়াডাঙ্গায় ১২১ বোতল মাদকদ্রব্যসহ গ্রেফতার-১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) মাদকবিরোধী বিশেষ অভিযানে নেশা জাতীয় মাদকদ্রব্য ১০৯ বোতল উইনসেরেক্স ও ৩ বোতল ব্ল্যাক হান্ট উদ্ধার করেছে। এ ঘটনায় একজনকে গ্রেফতার করা হয়েছে, পলাতক রয়েছেন আরও দুইজন।

পুলিশ জানায়, বুধবার বিকেল ৫টা ২০ মিনিটে জীবননগর থানাধীন মানিকপুর মসজিদপাড়া এলাকায় অভিযান চালায় ডিবি পুলিশ। অভিযানে

এসআই মো. আশরাফুল ইসলাম, এসআই সৌমিত্র সাহা ও এএসআই রমেন কুমার সরকার সঙ্গীয় ফোর্সসহ শওকত হোসেন (৪৫) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেন। তিনি মানিকপুর মসজিদপাড়া এলাকার মৃত মোলাম মালিতার ছেলে।

গ্রেফতারের পর তার হেফাজত থেকে ৩ বোতল ব্ল্যাক হান্ট ও ৯ বোতল উইনসেরেক্স উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি জানান, সহযোগী নজরুল ইসলাম নজুর কাছে আরও মাদক মজুদ রয়েছে। এর ভিত্তিতে তাৎক্ষণিকভাবে নজুর বাড়িতে অভিযান চালানো হলে পুলিশের উপস্থিতি টের পেয়ে নজু ও তার চাচাতো ভাই রাজা পালিয়ে যায়। পরে তাদের ঘরের শয়নকক্ষ থেকে আরও ১০০ বোতল উইনসেরেক্স উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মাদকের মধ্যে ব্ল্যাক হান্টের মূল্য প্রায় ৬ হাজার টাকা এবং উইনসেরেক্সের মূল্য প্রায় ২ লাখ ৭২ হাজার ৫০০ টাকা। সব মিলিয়ে জব্দকৃত মাদকের আনুমানিক মূল্য দাঁড়ায় ২ লাখ ৭৮ হাজার ৫০০ টাকা।

পুলিশ আরও জানায়, গ্রেফতারকৃত ও পলাতক আসামিদের বিরুদ্ধে জীবননগর থানায় নিয়মিত মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।